Lens Asia

১৬ ডিসেম্বর, ২০২৫

# ঢাকার দক্ষিণখানে কুপিয়ে যুবলীগ নেতাকে হত্যা



সংগৃহীত ছবি

ঢাকার দক্ষিণখান থানার তালতলা নদ্দাপাড়া এলাকায় ধারালো অস্ত্রের আঘাতে শাজাহান নামে এক ব্যক্তিকে কুপিয়ে হত্যা করেছে অজ্ঞাতনামা দুর্বৃত্তরা। সোমবার রাতে এ ঘটনা ঘটে।

গতকাল সোমবার (১৫ ডিসেম্বর ২০২৫) রাত আনুমানিক ৮টা ২০ মিনিটে ভয়াবহ এই হত্যাকাণ্ডের ঘটনা ঘটেছে। প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা যায়, ওই সময় অজ্ঞাতনামা দুর্বৃত্তরা শাজাহান নামে এক ব্যক্তির ওপর অতর্কিত হামলা চালায়। ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে তাকে গুরুতর আহত করা হলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

নিহত শাজাহান আশকোনা কমিউনিটি পুলিশের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছিলেন। তিনি এর আগে বিমানবন্দর থানা যুবলীগের একজন কর্মী ছিলেন বলে জানা গেছে।

ঘটনার খবর পেয়ে দক্ষিণখান থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে এবং আইনগত প্রক্রিয়া শুরু করে। হত্যাকাণ্ডের কারণ ও জড়িতদের শনাক্তে তদন্ত চলছে বলে জানিয়েছে পুলিশ।

LENS ASIA